

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৭৮

(أَبْوَابُ الْوتْر) विष्त /و

পরিচ্ছেদঃ সূর্য পশ্চিমে হেলে যাওয়ার সময় সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ الزَّوَالِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُسْلِمِ بْنِ أَبِي الْوَضَاّحِ، هُوَ أَبُو سَعِيدٍ الْمُؤدِّبُ عَنْ عَبْدِ الْكَرِيمِ الْجَزَرِيِّ، عَنْ مُجَاهِد، عَنْ عَبْدِ الْكَرِيمِ الْجَزَرِيِّ، عَنْ مُجَاهِد، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّائِب، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يُصلِّي أَرْبَعًا بَعْدَ أَنْ تَزُولَ الشَّمْسُ قَبْلَ الظُّهْرِ وَقَالَ " إِنَّهَا سَاعَةٌ تُفْتَحُ فِيهَا أَبُوابُ السَّمَاءِ وَأُحِبُّ أَنْ يَصعْدَ لِي الشَّمْسُ قَبْلَ الظُّهْرِ وَقَالَ " إِنَّهَا سَاعَةٌ تُفْتَحُ فِيها أَبُوابُ السَّمَاءِ وَأُحِبُّ أَنْ يَصعْدَ لِي الشَّمَاءِ مَلُ صَالِحٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَأَبِي أَيُّوبَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ عَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ حَديثُ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ اللَّهِ بْنِ السَّائِبِ حَديثُ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يُصِلِّي أَرْبَعَ رَكَعَاتٍ بَعْدَ الزَّوَالِ لاَ يُسَلِّمُ إِلاَّ فِي آخِرِهِنَ .

বাংলা

৪৭৮. আবৃ মূসা মুহাম্মাদ ইবনুল মূসান্না (রহঃ) আবদুল্লাহ ইবনুস সাইব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পশ্চিমে সূর্য হেলে যাওয়ার পর যোহরের পূর্বে চার রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করতেন। বলতেনঃ এটা এমন সময় যখন আসমানের দরজাগুলো খুলে দেওয়া হয়, এই সময়ে আমার একটি নেক আমল উত্থিত হোক তা আমি ভালবাসি। - ইবনু মাজাহ ১১৫৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৭৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ও আবূ আয়ূবে রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবদুল্লাহ ইবনুস সাইব বর্ণিত হাদীসটি হাসান-গারীব। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি যাওয়াল বা সূর্য পশ্চিমে হেলে যাওয়ার পর-চার রাকআত সালাত আদায় করতেন। এতে শেষ রাকআত ছাড়া আর কোথাও তিনি সালাম ফিরাতেন না।

English



Abdullah bin As-Sa'ib narrated:

"Allah's Messenger would pray four (Rak'ah) after the Zawal of the sun before Az-Zuhr. He said: 'It is an hour in which the gates of the heavens are opened, and I love that a righteous deed should be raised up for me in it.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সাইব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন